

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
সম্পত্তি বিভাগ
www.dncc.gov.bd

নং-৪৬.১০.০০০০.০২০.০০.১১৬৫২৬-২৩৯৭

তারিখঃ ২৩ কার্তিক ১৪৩৩ / ০৬ নভেম্বর ২০২৬

বিষয়ঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৬নং ওয়ার্ডের আওতাধীন কাওরান বাজার এর সম্মুখের রাস্তায় কার পার্কিং হিসেবে ০৬ (ছয়) মাসের জন্য পরিচালনার অনুমতি প্রসঙ্গে।

সূত্রঃ আজিম ট্রেডার্স এর ১৮/০৬/২০২৬ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৬নং ওয়ার্ডের আওতাধীন কাওরান বাজার এর সম্মুখের রাস্তায় ১০ (দশ)টি স্পটে কার পার্কিং হিসেবে ০১ (এক) বছর পরিচালনার জন্য অনুমতি চাওয়া হয়। তন্মধ্যে প্রথম আলো গলি ও মসজিদ গলি মেট্রোরেলের সিঁড়ির সাথে সংযুক্ত হওয়ায় এই ২টি স্পট ব্যতীত অবশিষ্ট ০৮টি স্পট যথা- (১) মাছ বাজার রেলগেট, (২) কাঠ পট্টি, (৩) পেট্রোবাংলা গলি, (৪) ওয়াসা গলি, (৫) ইত্তেফাক গলি, (৬) হোটেল লাভেক্সী গলি, (৭) হোটেল আকাশ গলি ও (৮) টিন পট্টি গলির রোডে গাড়ি পার্কিং হিসেবে ০৬ (ছয়) মাসের জন্য পরিচালনার বিষয়টি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। সে প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তে ০৬ (ছয়) মাসের জন্য কার পার্কিং পরিচালনার অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

শর্তাবলীঃ

(ক) পার্কিং এরিয়া (০৮টি স্পট) বরাদ্দগ্রহীতা কর্তৃক নিজ খরচে রং দ্বারা চিহ্নিত করতে হবে। নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন জায়গা থেকে টোল আদায় করা যাবে না।

(খ) পার্কিং এলাকা সব সময় পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং পার্কিং এর দাগগুলো সব সময় যথাযথ রাখতে হবে। স্পটে ময়লা আবর্জনা নিজ উদ্যোগে নির্দিষ্ট ডাষ্টবিনে ফেলতে হবে।

(গ) বরাদ্দগ্রহীতা কর্তৃক পার্কিং স্পটে যাতে গাড়ী চুরি না হয় অথবা কোন কারণে যানবাহন ক্ষতিগ্রস্ত না হয় তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(ঘ) গাড়ীর টোল আদায়ের ক্ষেত্রে অবশ্যই অনুমোদিত টোল রশিদের মাধ্যমে নির্ধারিত হারে টোল আদায় করতে হবে।

(ঙ) টোল আদায় কাজে নিয়োজিত জনবলের জন্য বরাদ্দগ্রহীতা কর্তৃক নিজ খরচে নির্দিষ্ট পোষাক ও নামের ব্যাজ ব্যবহার করতে হবে। নির্দিষ্ট পোষাক ও ব্যাজ পরিধান ব্যতীত টোল আদায় করা যাবে না।

(চ) বরাদ্দগ্রহীতা কর্তৃক কর্পোরেশনের সম্পত্তির কোন প্রকার ক্ষতিসাধন করা হলে বরাদ্দগ্রহীতা নিজ ব্যয়ে তা মেরামত/ সংস্কার করবেন অথবা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন। অস্থায়ী কার পার্কিং হিসেবে ব্যবহারের অনুমতির টাকা বাজেয়াপ্ত করে অনুমতিপত্র বাতিল করা হবে এবং তা মেনে নিতে বরাদ্দগ্রহীতা বাধ্য থাকবেন।

(ছ) কর্পোরেশনের মনোনীত দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক কার পার্কিং হিসেবে অস্থায়ী ব্যবহারের অনুমতির মহল (কার পার্কিং স্থান) পরিদর্শনে বরাদ্দগ্রহীতা সকল প্রকার সহায়তা প্রদানে বাধ্য থাকবেন।

(জ) কার পার্কিং হিসেবে ব্যবহারের অনুমোদিত পার্কিং এলাকায় সহজে দৃশ্যমান কর্পোরেশন কর্তৃক নির্ধারিত একাধিক স্থানে (সকল প্রবেশ পথে) প্রয়োজনী সংখ্যাক অনুমোদিত বড় আকৃতির টোল চার্ট স্থাপন করতে হবে।

(ঝ) পার্কিং এলাকায় পার্কিং স্পট (নকশায় প্রদর্শিত এবং যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) কোন প্রকার পরিবর্তন বা পরিবর্ধন করা হবে না এবং পার্কিং স্পট পরিবর্তন বা পরিবর্ধনের সম্পর্কিত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না। কর্পোরেশন প্রয়োজনে পার্কিং স্পট আয়তন বৃদ্ধি/হ্রাস করার ক্ষমতা সংরক্ষন করেন। হ্রাসের ক্ষেত্রে কার পার্কিং হিসেবে ভাড়া কমানোর কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।

(ঞ) পার্কিং স্পটে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান এবং ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের কোন যানবাহনের টোল আদায় করা যাবে না।

CamScanner

(ট) বরাদ্দগ্রহীতা আলোচ্য সম্পত্তির মালিকানা দাবী করে কর্পোরেশনের বিরুদ্ধে কোন মোকদ্দমা দায়ের করতে পারবেন না।

(ঠ) কর্পোরেশনের সম্পত্তিতে কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি ছাড়া যে উদ্দেশ্যে নেওয়া হয়েছে, উহা ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহার করা হবে না। এই ধরণের কোন প্রকার প্রমাণ পাওয়া গেলে প্রদত্ত ভাড়ার টাকা বাজেয়াপ্ত করে অনুমতি বাতিল করা হবে এবং আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ড) কর্পোরেশনের সম্পত্তিতে কর্তৃপক্ষের লিখিত পূর্বানুমতি ছাড়া কোন ধরণের পানি ও বিদ্যুৎ ইত্যাদি বরাদ্দগ্রহীতা সংযোগ করতে পারবেন না।

(ঢ) ২৪ ঘন্টা ব্যাপী নির্ধারিত স্পট হতে (নকশামতে) টোল আদায় করা যাবে।

(ণ) নির্ধারিত স্থানের যানবাহনের বাইরে অন্য কোন যানবাহনের টোল আদায় করা যাইবে না।

(ত) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত প্রতিপালন করতে হবে।

(থ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ যে কোন সময় জনস্বার্থে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করতঃ কর্পোরেশনের স্বার্থে বর্ণিত অস্থায়ী ব্যবহারের অনুমতি বাতিল করতে পারবেন।

(দ) নির্ধারিত সময়ের আগে চুক্তিপত্র বাতিল করা হলে মূল অর্থের (জমাকৃত টাকা) আনুপাতিক হারে সুদবিহীন টাকা ফেরত দেওয়া হবে।

(ধ) কোনক্রমেই উক্ত কার পার্কিংটি দ্বিতীয় পক্ষ বা অন্য কাউকে পরিচালনার জন্য নিয়োজিত/দায়িত্ব প্রদান করা যাবে না।

(ন) ডিএনসিসি কর্তৃপক্ষ যে কোন সময় উপরোক্ত শর্তাবলী পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

(প) নিম্নে ধার্য্যকৃত টোল রেইট ১ম ঘন্টার জন্য প্রযোজ্য থাকবে, পরবর্তী ঘন্টার জন্য অর্ধেক ধার্য্য হবে।

(কার পার্কিং এর টোল রেট)

সময়	বাস/ট্রাক/ মিনি ট্রাক	গাড়ী/জীপ/ মাইক্রোবাস	সিএনজি অটো রিকশা/ভ্যানগাড়ী	মটর সাইকেল	বাইসাইকেল
(১) প্রতি এক ঘন্টা বা অংশ বিশেষঃ	২০০.০০ (দুইশত) টাকা	৫০.০০ (পঞ্চাশ) টাকা	৪০.০০ (চল্লিশ) টাকা	৩০.০০ (ত্রিশ) টাকা	১০.০০ (দশ) টাকা

মাসিক পার্কিং ফিসের হার	সংশ্লিষ্ট মার্কেটের দোকানদারদের জন্য মাসিক	অন্যান্যদের জন্য মাসিক
(১) গাড়ী	১০০০.০০ (এক হাজার) টাকা	১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা
(২) মটর সাইকেল	৫০০.০০ (পাঁচশত) টাকা	৮০০.০০ (আটশত) টাকা
(৩) বাইসাইকেল	২০০.০০ (দুইশত) টাকা	১০০.০০ (একশত) টাকা

প্রধান সহকারী কমকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ফোন- ০২২২২২৮৪১১৬
cestate@dncc.gov.bd

জনাব আশরাফুল ইসলাম আজিম
স্বত্বাধিকারী, আজিম ট্রেডার্স
১৭/১, আরজতপাড়া, মহাখালী, ঢাকা-১২১৫।

CamScanner



কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

১। প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-৫, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩। প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪। উপ-পুলিশ কমিশনার, তেজগাঁও সার্কেল, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৫। উপ-পুলিশ কমিশনার (ট্রাফিক উত্তর/পশ্চিম), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
৬। সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (কার্যাদেশটি ডিএনসিসি ।র ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
৭। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৮। প্রধান নির্বাহী কর্মকর্তা'র সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পো: শন।
৯। অফিসার-ইন-চার্জ, তেজগাঁও থানা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
১০। জনাব মোঃ রবিউল ইসলাম, সার্ভেয়ার, সম্পত্তি বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। সরেজমিনে নকশামতে বর্ণিত জায়গা বুঝিয়ে দেওয়ার নির্দেশনাসহ)
১১। অফিস কপি।

মোহাম্মদ শওকত ওসমান
প্রধান সম্পত্তি কর্মকর্তা

CamScanner